# দিনাজপুর জুবিলি উচ্চ বিদ্যালয়
## শ্রেণী-১০ম

সৃজনশীল

## বিষয় ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা
## অর্ধ বার্ষিক পরীক্ষা-২০২০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেকটি প্রশ্নের মান ১০,।]

১। আবুল মিয়া মানুষকে দেখানোর উদ্দেশ্যেই নামাজ আদায় করে এবং গৃহস্থালির প্রয়োজনীয় ছোটখাটো বস্তু অন্যকে দেয় না। সে পাড়া-প্রতিবেশীর সাহায্য-সহযোগিতায়ও বেশ উদাসীন। পক্ষান্তরে, জাইদুল মিয়া মনে করে নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি আছে। যখনই সে সময় পায় তখনই সে ইবাদতে লিপ্ত থাকে এবং তার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করে।

ক. সূরা 'আল-ইনশিরাহ' কোথায় অবতীর্ণ হয়? ১

খ. "জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান।"— ব্যাখ্যা কর। ২

গ. আবুল মিয়ার কর্মকাণ্ডে কিসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জাইদুল মিয়ার কর্মের ফলাফল ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। সুমন ও ইমন দুভাই। ইমন কোনো কাজ করতে চায় না। তাকে কাজ করতে বললে সে বলে, মুখ দিয়েছেন যিনি আহার দেবেন তিনি। অপরদিকে, সুমন আযান শুনলে সব কাজ ফেলে সংশ্লিষ্ট ইবাদতের জন্য প্রস্তুতি নেন এবং সম্পাদন করেন। কারণ তিনি জানেন, উক্ত ইবাদতই মানুষকে মহান আল্লাহর নৈকট্য লাভে সহায়তা করে।

ক. ইবাদত কত প্রকার? ১

খ. হাক্কুল ইবাদ বলতে কী বোঝায়? ২

গ. ইমনের মনোভাব ও ধারণা কেমন হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুসলমানদের জীবনে সুমন কর্তৃক সম্পাদিত ইবাদতটির গুরুত্ব ও তাৎপর্য অপরিসীম— বিশ্লেষণ কর। ৪

৩। বিশ্ববিদ্যালয়ের হোস্টেলে বসে নাবিল ও রায়হান দুই বন্ধু মিলে ধর্ম নিয়ে আলোচনা করছিল। পৃথিবীতে ইসলাম, হিন্দু, খ্রিষ্টান, বৌদ্ধ প্রভৃতি ধর্মের প্রচলন রয়েছে। নাবিল মনে করে যে, স্রষ্টা বা ধর্ম বলতে কিছুই নেই। জীবন পরিচালনার জন্য মানুষের জ্ঞান, বিবেক এবং বুদ্ধিই যথেষ্ট। কিন্তু তার বন্ধু রায়হান দ্বিমত পোষণ করে বলে যে, ইসলাম ছাড়া অন্যকোনো ধর্ম গ্রহণ বা অনুসরণ করা যাবে না। সুষ্ঠু ও সুন্দরভাবে জীবন পরিচালনার জন্য ইসলামের কোনো বিকল্প নেই, কেননা ইসলামই হলো একটি পরিপূর্ণ জীবনব্যবস্থা।

ক. আকাইদ অর্থ কী? ১

খ. শিরক ক্ষমার অযোগ্য অপরাধ কেন? ২

গ. নাবিলের ধারণা কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত রায়হানের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

৪। হাসান সাহেব একজন চাকরিজীবী। তিনি প্রায়ই বিনা কারণে অফিসে দেরি করে আসেন। এ ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি মনগড়া অজুহাত তুলে ধরেন। সহকর্মীদের কাছ থেকে কিছু ধার নিলে তা যথাসময়ে ফেরত দেন না। অথচ পোশাক পরিচ্ছদে তাকে ভদ্র বলেই মনে হয়।

ক. কারা আখিরাতে সফল হবে? ১

খ. "আখিরাতে বিশ্বাস মানুষকে সৎ কাজে উদ্বুদ্ধ করে।"— বুঝিয়ে লেখ। ২

গ. হাসান সাহেবের কর্মকাণ্ড কার আচরণের বহিঃপ্রকাশ? ব্যাখ্যা কর। ৩

ঘ. হাসান সাহেবের কর্মকাণ্ডের পরিণাম ইসলামি শরিয়তের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। মওলানা মাঈনুদ্দীন সাহেব জুমার নামাযের পূর্বের আলোচনায় পবিত্র কুরআনের এমন একটি সূরার তাফসির করলেন যাতে কিয়ামত, জান্নাত-জাহান্নাম প্রভৃতি বিষয়ের আলোচনা রয়েছে। পরবর্তী জুমার দিন তিনি এমন একটি সূরার তাফসির করলেন যেখানে জাতীয়, আন্তর্জাতিক, শিক্ষা-সাংস্কৃতিক নীতিমালা এবং উত্তরাধিকার আইন ও ব্যবসায়বাণিজ্যের বিধান সম্পর্কে বিস্তারিত আলোচনা রয়েছে।

ক. পবিত্র কুরআনে সর্বমোট কয়টি সূরা রয়েছে? ১

খ. পবিত্র কুরআনে হরকত সংযোজন করা হয় কেন? ২

গ. মাঈনুদ্দীন সাহেব প্রথম জুমার দিন কোন ধরণের সূরার তাফসির করেছেন? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মাঈনুদ্দীন সাহেবের দ্বিতীয় জুমার দিন আলোচনায় যে ধরনের সূরার বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়, তা বিশ্লেষণ কর। ৪

৬। রমিজ মিয়ার কারখানায় সহস্রাধিক শ্রমিক কাজ করে। মাস শেষে প্রায়ই বেতন নিয়ে মালিকের সাথে ঝগড়াঝাঁটি হয়। মালিকের এ আচরণে শ্রমিকদের অসন্তোষ দেখা দেয় এবং কারখানা ভাংচুর হয়, ফলে তিনি আইনের আশ্রয় নেন।

ক. কোন প্রকার উপার্জন উত্তম ও পবিত্রতম? ১

খ. শ্রমের মর্যাদা বলতে কী বোঝায়? ২

গ. রমিজ সাহেবের আচরণ কীরূপ হওয়া উচিত? বুঝিয়ে লেখ। ৩

ঘ. "শ্রমিকের ঘাম শুকানোর পূর্বেই পারিশ্রমিক দিয়ে দাও"— উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭। সামাজিক প্রভাব বিস্তারকে কেন্দ্র করে জনাব সিহাব চৌধুরী লোকমান সাহেবকে মারাত্মকভাবে শারীরিক ও মানসিক নির্যাতন করেন। কিছুদিন পর লোকমান সাহেব প্রতিশোধ নেওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকেন। এ ধরনের উদারতা দেখে জনাব সিহাব চৌধুরীর মধ্যে বেশ পরিবর্তন আসে। তিনি প্রতিজ্ঞা করেন যে, কোনো মানুষের সাথে আর অন্যায় আচরণ করবেন না। গোত্র-বর্ণ ভেদাভেদ ভুলে গিয়ে সকলের সাথে ভ্রাতৃত্ব বন্ধনে আবদ্ধ হবেন। সকল কাজকর্মে কুরআন ও হাদিসকে অনুকরণ করে চলবেন।

ক. মদিনা সনদের ধারা কয়টি? ১

খ. রাসুলের জীবনাদর্শ অনুকরণীয় কেন? ২

গ. লোকমান সাহেবের আচরণে মহানবি (স.)-এর কোন গুরুত্বপূর্ণ ঘটনার আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সিহাব সাহেবের পরিবর্তন বিদায় হজ্জের ভাষণের আলোকে পর্যালোচনা কর। ৪

৮। দশম শ্রেণির ছাত্র আবু বকর মায়ানমারে মুসলমানদের ওপর অমানবিক নির্যাতনের কথা টিভির খবরে এবং পত্রিকার মাধ্যমে জেনে খুবই ব্যথিত হয়। আবার অল্প কিছুদিন পরে নিজ দেশের রামুর বৌদ্ধ মন্দিরে হামলার ঘটনাকে সে নিন্দনীয় মনে করে। তার মনে প্রশ্ন জাগে— মানুষ এত জঘন্য কাজ কীভাবে করতে পারে?

ক. ভ্রাতৃত্ববোধ কী? ১

খ. সাম্প্রদায়িক সম্প্রীতি বলতে কী বোঝায়? ২

গ. মায়ানমারের নির্যাতিত মুসলমানদের প্রতি আবু বকরের মনোভাব দ্বারা কিসের বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রামুর বৌদ্ধ মন্দিরে হামলার ঘটনায় একজন মুসলমান হিসেবে তোমার মনোভাব ব্যক্ত কর। ৪

৯। জনাব কবির সরকারি চাকরি করেন। তিনি তার কর্মস্থলে জনসাধারণের কাজ করে দিয়ে অতিরিক্ত অর্থ নিয়ে খুব আয়েশি জীবনযাপন করেন। তার ছেলে জনাব খবির বিশ্ববিদ্যালয়ের পড়াশুনা শেষ করে কর্মহীন জীবনযাপন করছেন। কেউ তাকে চাকরি খোঁজা বা কোনো কর্মে নিযুক্ত হওয়ার কথা বললে তিনি বলেন, কাজ করতে আমার ভালো লাগে না। তাই তার বাবা বড়ই উদ্বিগ্ন।

ক. আখলাকে 'হামিদাহ' অর্থ কী? ১

খ. দুশ্চরিত্র ও রূঢ় স্বভাবের মানুষ জান্নাতে প্রবেশ করবে না কেন? ২

গ. জনাব খবিরের কাজের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব কবিরের কাজের পরিণতি ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০। এ মহান ব্যক্তি ৬৩০ খ্রিষ্টাব্দে মক্কায় গিয়ে যে মহান কাজটি করলেন, তা মানব ইতিহাসে বিরল। এরপর ৬৩২ খ্রিষ্টাব্দে লক্ষাধিক সাহাবি ও নিজ সহধর্মিণীদেরকেও সাথে নিয়ে গিয়ে আরাফাতের ময়দানে জাতির উদ্দেশ্যে যে ভাষণ দেন তা জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের জন্য কিয়ামত পর্যন্ত অনুসরণীয় ও অনুকরণীয় হয়ে থাকবে।

ক. হজ্জের পোশাককে কী বলে? ১

খ. হুদায়বিয়ার সন্ধি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ৬৩০ খ্রিষ্টাব্দের মহান কাজ দ্বারা কিসের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে ভাষণের কথা বলা হয়েছে, সে ভাষণের গুরুত্বপূর্ণ দিকগুলো বাছাই কর। ৪

১১। আয়েশার আচরণ ও চালচলনে পাড়াপড়শী খুশি। পাড়ার অন্য মেয়েদের চারিত্রিক অবস্থা তাকে খুবই ব্যথিত করে। সে কুরআন তিলাওয়াতের মাধ্যমে জানতে পারে যে, আল্লাহ বলেছেন, "তোমাদের মধ্যে যার সবচেয়ে বেশি তাকওয়া আছে সে আল্লাহর কাছে সবচেয়ে বেশি সম্মানিত।" এ বাণী আয়েশাকে প্রভাবিত করে। সে অন্যদেরকে বিষয়টি বোঝানোর চেষ্টা করে।

ক. ব্যবহারিক অর্থে তাকওয়া কী? ১

খ. আল্লাহকে ভয় করার অর্থ ব্যাখ্যা কর। ২

গ. পাড়ার মেয়েদের জন্য আয়েশার কাজটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আয়েশার জীবনে উদ্দীপকে বর্ণিত কুরআনের বাণীর তাৎপর্য বিশ্লেষণ কর। ৪